# জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়, ঢাকা।
Website: www.jb.com.bd

**ট্রেজারী ডিপার্টমেন্ট**
ফোন: ০২-২২৩৩৮০৯৮৫

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১২৬৮/২৪

তারিখ: ০১ জুলাই ২০২৪ খ্রিষ্টাব্দ
১৭ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক পিএলসি.
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/সকল বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

## বিষয়ঃ সরকারি ট্রেজারি চালান সংগ্রহের বিপরীতে পুরস্কার নীতিমালা-২০২৪।

মহোদয়,

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ১৮ আগষ্ট ২০১৯ তারিখ এ জারীকৃত পরিপত্র স্মারক নং ০৭.১০৩.০০০০.০০.১৮.০০৩.১৯-৩১৭ এর মাধ্যমে সরকারের রাজস্ব ও বিভিন্ন সেবা ফি বাবদ সরকারি খাতে অর্থ জমা দেওয়ার বিদ্যমান পদ্ধতি সহজীকরণের লক্ষ্যে সরকার 'স্বয়ংক্রিয় চালান (Automated Challan)' প্রক্রিয়া চালু করেছে। অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণঃ অগ্রাধিকার কার্যক্রমসমূহের ধারাবাহিকতা রক্ষা (পিইএমএস)' শীর্ষক কর্মসূচীর আওতায় প্রবর্তিত 'ট্রেজারি চালান ম্যানেজমেন্ট সিস্টেম' ব্যবহার করে যে কোন বাণিজ্যিক ব্যাংকের যে কোন শাখায় ট্রেজারি চালানের অর্থ গ্রহণ করা যাবে। জারীকৃত পরিপত্রের আলোকে ইতোমধ্যে সকল স্থানীয় তফসিলি ব্যাংক কর্তৃক সরকারি রাজস্ব ও সেবা ফি Automated Challan System 'এ-চালান' ব্যবহারপূর্বক জমা নেওয়ার কার্যক্রম শুরু হয়েছে। পরবর্তীতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ এর ০৬ মার্চ ২০২২ তারিখ এর পরিপত্র স্মারক নং ০৭.১০৩.০০.০০০০.১০৩.১৮.০০৩.১৯-৮২৫ এর মাধ্যমে অর্থ বিভাগের Automated Challan System (এ-চালান)-এর মাধ্যমে সরকারি রাজস্ব ও সেবা ফি জমার বিপরীতে সিস্টেম জেনারেটেড চালান আবশ্যিকভাবে গ্রহণপূর্বক গ্রাহককে কাঙ্খিত সেবা প্রদানের জন্য সকল সরকারি প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা হয়।

বিগত ০১ ডিসেম্বর ২০২০ তারিখে জনতা ব্যাংকে স্বয়ংক্রিয় চালান কার্যক্রম শুরুর পর সরকারের গুরুত্বপূর্ণ এ সেবাটি সফলভাবে সকল শাখায় বাস্তবায়ন করা হয়েছে। বর্তমানে প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবস্থায় গ্রাহকসেবা অব্যাহত রাখা ও কাঙ্খিত মুনাফা অর্জনের লক্ষ্যে এ জাতীয় সেবার পরিধি বৃদ্ধির কোনো বিকল্প নেই। দৈনন্দিন ব্যাংকিং কার্যক্রমে গতিশীলতা আনয়ন, কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি এবং আর্থিক ও ব্যবসায়িক সূচকে ইতিবাচক প্রবৃদ্ধি অর্জনের লক্ষ্যে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক ব্যক্তি ও শাখা পর্যায়ে ট্রেজারি চালান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের বিপরীতে পুরস্কার প্রদানের প্রস্তাব করা হয়। জনতা ব্যাংকের সকল পর্যায়ে কর্মরত নির্বাহী ও কর্মকর্তাগণের ট্রেজারি চালান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জনের বিপরীতে পুরস্কার প্রদান সংক্রান্ত প্রণীত প্রস্তাবিত নীতিমালাটি পরিচালনা পর্ষদ সমীপে উপস্থাপন করা হলে ২৫ জুন ২০২৪ তারিখ অনুষ্ঠিত পরিচালনা পর্ষদ এর ৮১৮তম সভায় 'সরকারি ট্রেজারি চালান সংগ্রহের বিপরীতে পুরস্কার নীতিমালা-২০২৪' এর অনুমোদন দেয়া হয়। যা নিম্নরূপঃ

## 'সরকারি ট্রেজারি চালান সংগ্রহের বিপরীতে পুরস্কার নীতিমালা-২০২৪'

**০১. সরকারি ট্রেজারি চালান সংগ্রহের জন্য পুরস্কার:**

১.১ পুরস্কারের ধরন
১.২ পুরস্কার প্রাপ্তির যোগ্যতা
১.৩ পুরস্কার প্রাপ্তির অযোগ্যতা
১.৪ ব্যক্তিগত ও শাখা পর্যায়ে পুরস্কারের পরিমাণ/হার
১.৫ পুরস্কারের বিভাজন
১.৬ অন্যান্য শর্তাবলী।

(চলমান পাতা-২)

## বিষয়ঃ সরকারি ট্রেজারি চালান সংগ্রহের বিপরীতে পুরস্কার নীতিমালা-২০২৪।

**১.১ পুরস্কারের ধরন:**

সরকারের অভিপ্রায় অনুযায়ী সকল তফসিলি ব্যাংকে ট্রেজারি চালান গ্রহণ কার্যক্রম শুরুর পর প্রতিযোগিতামূলক পরিবেশ পরিলক্ষিত হচ্ছে। এ পরিস্থিতিতে চালান সংগ্রহে জনতা ব্যাংকের সকল নির্বাহী/কর্মকর্তাকে উৎসাহিত করার লক্ষ্যে নিম্নোক্ত ধাপ/পর্যায়ে পুরস্কার প্রদান করা হবে-

(ক) ব্যক্তি পর্যায়ে পুরস্কার
(খ) শাখা পর্যায়ে পুরস্কার

চালানের অর্থ শাখায় গ্রহণ করা হয় বিধায় স্বাভাবিকভাবেই এ জাতীয় পুরস্কার শাখা পর্যায়ে প্রদানযোগ্য। তবে চালান সংগ্রহে ব্যক্তিগত প্রচেষ্টা উদ্বুদ্ধ করার লক্ষ্যে ব্যক্তি পর্যায়েও পুরস্কার প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে চালান সংগ্রহের জন্য অনেকসময় ওইসব প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ব্যক্তিবর্গকে আপ্যায়ন, উপহার প্রদান বা আনুষঙ্গিক সৌজন্যতা বজায় রাখতে হয়। ব্যক্তি পর্যায়ে পুরস্কার থাকায় এ জাতীয় খরচ নির্বাহের পাশাপাশি ব্যাংকের ব্যবসা সম্প্রসারণ ও উন্নয়নেও নির্বাহী/কর্মকর্তাগণ বিশেষ ভূমিকা রাখার সুযোগ পাবেন।

**১.২ পুরস্কার প্রাপ্তির যোগ্যতা:**

(ক) পুরস্কারের জন্য সরকারি ট্রেজারি চালান সংগ্রহের বাৎসরিক সময়সীমা ০১ জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর তারিখ পর্যন্ত বিবেচ্য হবে;

(খ) প্রধান কার্যালয়, ডিভিশনাল অফিস, এরিয়া অফিস ও শাখায় কর্মরত যে কোনো নির্বাহী/কর্মকর্তা ব্যক্তিগতভাবে সরকারি ট্রেজারি চালান সংগ্রহ করে তা ব্যাংকের কোনো শাখায় জমার ব্যবস্থা গ্রহণ করলে সংশ্লিষ্ট শাখা থেকে ব্যক্তিগত পর্যায়ে পুরস্কার পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন;

(গ) শাখার পুরস্কারের অংশ শাখা ব্যবস্থাপক, শাখার ২য় কর্মকর্তা/জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্টের প্রধান এবং ট্রেজারি চালান ডেস্কের তদারকি কর্মকর্তাসহ ন্যূনতম ৫ জনকে অন্তর্ভুক্ত করে ক্রমিক নং-১.৬ এ বর্ণিত নিয়মানুযায়ী বন্টনের বিষয়টি শাখা ব্যবস্থাপক নির্ধারণ করবেন। চালান সংশ্লিষ্ট কোনো নির্বাহী/কর্মকর্তা যাতে পুরস্কার হতে বঞ্চিত না হয় সে বিষয়টিও শাখা ব্যবস্থাপক নিশ্চিত করবেন;

(ঘ) নির্বাহী/কর্মকর্তা কর্তৃক ব্যক্তিগত যোগাযোগ ও প্রচেষ্টায় সংগৃহীত সরকারি ট্রেজারি চালান যে শাখা হতে ইস্যু করা হবে সেই শাখাকে টেজারি চালান সংগ্রাহক সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তা তার ব্যাংক আইডি অবহিত করবেন। শাখা কর্তৃক ট্রেজারি চালানের অর্থ T-24 Software এ পোস্টিং দেওয়ার সময় Remarks/ Narration/Description ফিল্ডে যে নির্বাহী/কর্মকর্তা কর্তৃক ট্রেজারি চালান সংগ্রহ করা হয়েছে তার ০৬ (ছয়) সংখ্যার ব্যাংক আইডি সঠিকভাবে এন্ট্রি/প্রদান করতে হবে। এসকল এন্ট্রি শাখা ব্যবস্থাপক কর্তৃক নিয়মিত তদারকি করতে হবে। কোন ভূল ভ্রান্তি হলে তার দায়দায়িত্ব শাখা/শাখা ব্যবস্থাপকের উপর বর্তাবে। ট্রেজারি চালানের অর্থ T-24 Software এ পোস্টিং দেওয়ার সময় Remarks/Narration/ Description ফিল্ডে নির্বাহী/কর্মকর্তার ০৬ (ছয়) সংখ্যার ব্যাংক আইডি না থাকলে উক্ত ট্রেজারি চালান ব্যক্তিগত পুরষ্কারের জন্য বিবেচিত হবে না;

(ঙ) পরবর্তী কর্মদিবসে নির্বাহী/কর্মকর্তা কর্তৃক ব্যক্তিগতভাবে সংগৃহীত সরকারি ট্রেজারি চালানের তথ্য সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তার পিএমআইএস এর General Login এ পাওয়া যাবে।

**১.৩ পুরস্কার প্রাপ্তির অযোগ্যতা:**

(ক) ব্যাংকের শাখা ও কার্যালয়সমূহের নিজস্ব ট্রেজারি চালান যেমন: গ্রাহকের আমানত হিসাবে প্রদত্ত সুদের উপর কর্তিত উৎসে কর, আয়কর, মূসক, ডিউটি, শুল্ক, এলসি কমিশন, বিভিন্ন ধরনের ক্রয়ের বিপরীতে প্রযোজ্য কর, ভবন ভাড়া, অন্যান্য কোনো সেবা হতে কর্তন ইত্যাদি বাবদ অর্থ প্রধান কার্যালয়ের একাউন্টস ডিপার্টমেন্ট কর্তৃক সরকারি কোষাগারে জমা করা হয়। এ সকল চালান ব্যক্তি বা শাখা পর্যায়ে পুরস্কারের জন্য বিবেচিত হবে না;

(খ) সরকারি সিদ্ধান্তক্রমে অথবা চুক্তি অনুযায়ী কোনো প্রতিষ্ঠানের হিসাবে/কালেকশন হিসাবে জমাকৃত অর্থ (গ্যাস, বিদ্যুৎ ও পানিসহ বিভিন্ন প্রকার ইউটিলিটি বিল, বিলের উপর ভ্যাট, ভূমি উন্নয়ন কর, হোল্ডিং ট্যাক্স, অতিরিক্ত/অব্যবহৃত অর্থ ফেরৎ, আমানত হিসাবের সুদ ইত্যাদি) ও স্বাভাবিক প্রক্রিয়ায় শাখায় গ্রহণকৃত সরকারি ট্রেজারি চালান কেবলমাত্র শাখার অর্জন ও পুরস্কারের জন্য বিবেচ্য হবে। এ জাতীয় চালান কোনো নির্বাহী/কর্মকর্তার নামে প্রদর্শন করা যাবে না এবং তা ব্যক্তিগত পুরস্কারের জন্য বিবেচিত হবে না।

(চলমান পাতা-৩)

## বিষয়ঃ সরকারি ট্রেজারি চালান সংগ্রহের বিপরীতে পুরস্কার নীতিমালা-২০২৪।

**১.৪ ব্যক্তিগত ও শাখা পর্যায়ে পুরস্কারের পরিমাণ/হার :**

| পর্যায় | পুরস্কারের পরিমাণ |
|---|---|
| ব্যক্তিক (নির্বাহী/কর্মকর্তা নির্বিশেষে) | প্রাপ্ত নিট কমিশনের ২% |
| শাখা (লোকাল অফিস ও জনতা ভবন কর্পোরেট শাখাসহ) | প্রাপ্ত নিট কমিশনের ৩% |

**১.৫ ব্যক্তিগত ও শাখা পর্যায়ে পুরস্কার প্রাপ্তির জন্য বাৎসরিক চালান সংগ্রহ/গ্রহণের সর্বনিম্ন পরিমাণ :**

| ক্রম | শাখার ধরণ | চালান গ্রহণের পরিমান |
|---|---|---|
| ১ | লোকাল অফিস ও জনতা ভবন কর্পোরেট শাখা | ৫০০.০০ কোটি |
| ২ | কর্পোরেট-১ শাখা | ২০০.০০ কোটি |
| ৩ | কর্পোরেট-২ শাখা | ১০০.০০ কোটি |
| ৪ | অন্যান্য শাখা | ৫০.০০ কোটি |
| ৫ | ব্যক্তি পর্যায়ে | ৫০.০০ কোটি |

কোন ব্যক্তি/ শাখা কর্তৃক প্রতিবছর ০১ জানুয়ারী হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত উল্লেখিত হারের কম চালান সংগ্রহ/গ্রহণ করা হলে সংশ্লিষ্ট ব্যক্তি/শাখা পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

উদাহরণস্বরূপ, কোন ব্যক্তি কর্তৃক যদি ৫০ (পঁঞ্চাশ) কোটি টাকার চালান সংগ্রহ করা হয় তাহলে ব্যাংক নীট কমিশন পাবে প্রতি হাজারে ০.৮৫ (পঁচাশি পয়সা) হিসেবে মোট ৪.২৫ (চার লক্ষ পঁচিশ হাজার) টাকা। উক্ত কমিশনের মধ্যে চালান সংগ্রহকারী ব্যক্তি কে প্রদান করা হবে কমিশনের ২% হিসেবে ৮,৫০০ (আট হাজার পাঁচশত) টাকা এবং শাখা ব্যবস্থাপকসহ অন্যান্য কর্মকর্তাদের ৩% হিসেবে ১২,৭৫০ (বার হাজার সাতশত পঞ্চাশ) টাকা মোট ২১,২৫০ (একুশ হাজার দুইশত পঁঞ্চাশ) টাকা।

**১.৬ পুরস্কারের বিভাজন:**

নির্বাহী/কর্মকর্তা নির্বিশেষে সকল কর্মীর সমন্বিত প্রচেষ্টাতেই ব্যাংকের সামগ্রিক সাফল্য অর্জিত হয়। এ কারণে ব্যাংকের যে কোনো সাফল্যের অংশীদার হিসেবে সংশ্লিষ্ট সকল কর্মী স্বীকৃতির দাবি রাখে। সরকারি ট্রেজারি চালানের লক্ষ্যমাত্রা অর্জনের বিপরীতে পুরস্কার প্রদানের ক্ষেত্রে বিষয়টাকে বিবেচনায় নেয়া হয়েছে। তাছাড়া অধিক হারে ট্রেজারি চালান সংগ্রহের মাধ্যমে ব্যাংকের সুদ-বহির্ভুত আয় বৃদ্ধির লক্ষ্যে সকল কর্মীকে সম্পৃক্ত ও উৎসাহিত করার প্রয়াসও রয়েছে। ব্যক্তিগত পুরস্কারের পাশাপাশি শাখা পর্যায়ে পুরস্কার আনুপাতিক হারে প্রদান করা হলে সকল স্তরের নির্বাহী/কর্মকর্তাগণ স্বতঃস্ফুর্তভাবে ট্রেজারি চালান সংগ্রহে উদ্বুদ্ধ হবে বলে আমাদের বিশ্বাস। ব্যক্তিগত লক্ষ্যমাত্রা অর্জনের পুরস্কার সরাসরি সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তা প্রাপ্য হবেন। শাখা পর্যায়ে লক্ষ্যমাত্রা অর্জনের পুরস্কার শাখার নির্বাহী/কর্মকর্তাগণের মধ্যে নিম্নোক্ত শর্ত মোতাবেক বন্টন করে দিতে হবে :

**শাখা পর্যায়ে পুরস্কারের অর্থ বন্টনের শর্তাবলী:**

(ক) শাখার প্রাপ্ত পুরস্কারের ১০% অর্থ শাখা ব্যবস্থাপক (লোকাল অফিস ও জনতা ভবন কর্পোরেট শাখাসহ) নিজে প্রাপ্য হবেন। অবশিষ্ট ৯০% অর্থ ক্রমিক নং-১.২ (গ) এ বর্ণিত শর্তের আলোকে শাখা ব্যবস্থাপকসহ ট্রেজারি চালান সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তাগণের মধ্যে পদবি/গ্রেড/মূল বেতন অনুযায়ী আনুপাতিক হারে বন্টন করতে হবে;

(খ) জানুয়ারি হতে ডিসেম্বর মাস পর্যন্ত শাখা প্রধান হিসেবে একাধিক নির্বাহী/কর্মকর্তা দায়িত্ব পালন করলে তাদের স্ব স্ব কার্যকালে সংগৃহীত মোট ট্রেজারি চালানের ভিত্তিতে আনুপাতিক হারে পুরস্কার প্রাপ্য হবেন। অনুরূপভাবে শাখার অন্যান্য নির্বাহী/কর্মকর্তাগণও তাদের স্ব স্ব কার্যকালে সংগৃহীত মোট ট্রেজারি চালানের ভিত্তিতে আনুপাতিক হারে পুরস্কার প্রাপ্য হবেন।

**১.৭ অন্যান্য শর্তাবলী:**

(ক) সরকার হতে ট্রেজারি চালানের কমিশন বাবদ অর্থ ষান্মাসিক ভিত্তিতে ব্যাংকগুলোকে পরিশোধ করা হয়। প্রধান কার্যালয় থেকেও একই নিয়মে বছরে দুই দফায় কমিশনের অর্থ শাখাগুলোকে প্রদান করা হয়। তবে আলোচ্য পুরস্কার বাৎসরিক ভিত্তিতে প্রদেয় হওয়ায় উল্লিখিত সময়সীমা (০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর) শেষে কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত নির্বাহী/কর্মকর্তাগণ বছরে একবারই পুরস্কারের অর্থ প্রাপ্য হবেন। ০১ জানুয়ারি হতে ৩১ ডিসেম্বর পর্যন্ত প্রত্যেক শাখার প্রাপ্ত মোট কমিশনের পরিমাণ ট্রেজারী ডিপার্টমেন্ট কর্তৃক শাখাকে অবহিত করা হবে এবং শাখা অবহিত হওয়ার পরই শাখা কর্তৃক পুরস্কারের অর্থ প্রদান করবেন।

(চলমান পাতা-৪)

**বিষয়ঃ সরকারি ট্রেজারি চালান সংগ্রহের বিপরীতে পুরস্কার নীতিমালা-২০২৪।**

(খ) কোনো নির্বাহী/কর্মকর্তা কর্তৃক সংগৃহীত চালানের জন্য সংশ্লিষ্ট বছরে ব্যক্তিগত পুরস্কারের সর্বোচ্চ সীমা ২.০০ (দুই) লক্ষ টাকার বেশী হবে না। অথাৎ কোনো নির্বাহী/কর্মকর্তা ব্যক্তিগতভাবে সংগৃহীত চালানের বিপরীতে প্রাপ্ত পুরস্কারের অর্থ এবং শাখার নির্বাহী/কর্মকর্তা হিসাবে শাখার প্রাপ্ত পুরস্কারের অংশ হতে প্রাপ্ত পুরস্কারের অর্থ এর মোট যোগফল ২.০০ (দুই) লক্ষ টাকার বেশী হবে না।

(গ) শাখা পর্যায়ে পুরস্কারের জন্য মনোনীত নির্বাহী/কর্মকর্তাগণের নামের তালিকা ও পুরস্কারের অংশ নিয়ন্ত্রণকারী কার্যালয়ের প্রধান (কর্পোরেট-২, গ্রেড-১, ২, ৩ ও ৪ শাখার ক্ষেত্রে এরিয়া অফিস, কর্পোরেট-১ শাখার ক্ষেত্রে ডিভিশনাল অফিস, লোকাল অফিস ও জনতা ভবন কর্পোরেট শাখার ক্ষেত্রে প্রধান কার্যালয়ের ট্রেজারি ডিপার্টমেন্ট) কর্তৃক অনুমোদিত হতে হবে;

(ঘ) প্রধান কার্যালয় হতে ট্রেজারি চালানের কমিশন বাবদ প্রাপ্ত অর্থ শাখা প্রথমে আয় খাতে প্রদর্শন করবে। পরবর্তীতে উক্ত আয় খাত ডেবিট করে পুরস্কারের অর্থ মনোনীত নির্বাহী/কর্মকর্তাগণের ব্যাংক হিসাবে প্রদান করতে হবে, কোনোভাবেই নগদে (ক্যাশ) প্রদান করা যাবে না। পুরস্কারের অর্থ পরিশোধের নিমিত্ত শাখার আয় খাত বিকলনের জন্য প্রধান কার্যালয় হতে নতুন করে কোনো অনুমোদন গ্রহণের প্রয়োজন নেই;

(ঙ) যে সকল শাখায় জনবল ৫ (পাঁচ) জনের কম সেসব শাখার পুরস্কার সবার মধ্যে বিধান অনুযায়ী আনুপাতিক হারে বন্টন করতে হবে। ৫ (পাঁচ) জনের অধিক জনবল বিশিষ্ট শাখার নির্বাহী/কর্মকর্তাগণ ক্রমিক নং-১.৫ (ক) এ বর্ণিত শর্তানুযায়ী পুরস্কার প্রাপ্য হবেন। শাখার পুরস্কারের অর্থ বন্টনে ন্যূনতম ৫ (পাঁচ) জনের প্রাপ্যতা নিশ্চিত করতে হবে;

(চ) পুরস্কারের অর্থ প্রদানের পর কোনো কারণে প্রাপ্যতার চেয়ে বিতরণকৃত অর্থের পরিমাণ বেশি পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট নির্বাহী/কর্মকর্তা অতিরিক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। ফেরতকৃত অর্থ পুনরায় ব্যাংকের চালান সংশ্লিষ্ট আয় খাতে জমা করতে হবে।

১.৮ **যোগাযোগ:** ট্রেজারি চালান বিষয়ে প্রধান কার্যালয়ে যোগাযোগের প্রয়োজন হলে ট্রেজারী ডিপার্টমেন্ট এর উপ-মহাব্যবস্থাপক, সহকারী মহাব্যবস্থাপক জনাব এ. কে. এম. খোরশেদ আলম ভূঞা মোবাইল নম্বর: ০১৯১৮৯৯৭৪০৪ অথবা এসপিও জনাব মোঃ মাহামুদুল হাসান মোবাইল নম্বর: ০১৭১১০০১৯৩৭ এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

এছাড়াও, Automated Challan System (এ-চালান) সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য শাখা কর্তৃক নিম্নলিখিত ঠিকানা এবং ই-মেইল ব্যবহার করতে হবে:

| | |
|---|---|
| **ঠিকানা**<br>উপ-মহাব্যবস্থাপক<br>ট্রেজারি ডিপার্টমেন্ট (অষ্টম তলা)<br>জনতা ব্যাংক পিএলসি.<br>প্রধান কার্যালয়<br>১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০. | **ই-মেইল** acs@janatabank-bd.com<br>**ফোন:** ০২-২২৩৩৮০৯৮৫, ০২-৫৫১১০০৩৩ |

১.৯ **প্রযোজ্যতা:** ০১ জুলাই ২০২৪ তারিখ হতে সংগৃহীত/গ্রহণকৃত চালানের বিপরীতে এ নীতিমালার আওতায় ব্যক্তি/শাখা পুরস্কার পাওয়ার জন্য বিবেচিত হবেন।

আপনার বিশ্বস্ত,

মহিউদ্দিন মোহাম্মদ আওরঙ্গজেব
উপ-মহাব্যবস্থাপক

মিজানুর রহমান
মহাব্যবস্থাপক